ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 003 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০০৩ ● কলকাতা ● ১৮ পৌষ, ১৪৩২ ● শনিবার ● ০৩ জানুয়ারি ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বারুইপুর থেকে বিধানসভা নির্বাচনের নতুন প্রচার কর্মসূচি শুরু করলেন অভিষেক



স্টাফ রিপোর্টার, রোজদিন

বারুইপুর থেকে বিধানসভা নির্বাচনের নতুন প্রচার কর্মসূচি শুরু করলেন অভিষেক। যতই করো হামলা আবার জিতবে বাংলা নামে সেই প্রচার কর্মসূচির মঞ্চ নির্মাণেও রীতিমতো তাক লাগিয়ে দিয়েছে শাসক দল। মূল মঞ্চের সঙ্গেই সেখানে তৈরি করা হয়েছিল লম্বা র‍্যাম্প। যা নিয়ে তৃণমূলের কর্মী সমর্থক তো বটেই, সংবাদমাধ্যমেও তীব্র কৌতূহল সৃষ্টি হয়েছিল।

তৃণমূল সূত্রে খবর, যে তিনজনকে আজ বারুইপুরের সভায় হাজির করান অভিষেক, তাঁদের মধ্যে মণিরুল মোল্লা এবং মায়া দাস মেটিয়াবুরুজ বিধানসভা কেন্দ্রের বাসিন্দা। হরেকৃষ্ণ গিরি কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের নামখানার বাসিন্দা। তিন জনকেই মৃত বলে ঘোষণা করে খসড়া

এরপর ৩ পাতায়

### পর্ব 162

## হিমালয়ের সমর্পণ যোগ



আমি এক আত্মা, এটাই সব সময় মনে রাখবে এবং এটাই অভ্যাস করবে। সুখ ও দুঃখ, রাগ ও অনুরাগ, দ্বেষ, ঈর্ষা, মায়া, মোহ, ভয়, ডর, মৃত্যুর ভয়- এগুলো সব শরীরের স্তরের ভাবনা। আত্মা এই সব থেকে নির্লিপ্ত হয়। যেই নিজেকে আত্মা ভাববে, এই সব থেকে মুক্ত হয়ে যাবে। সব সম্পর্ক, কুটুম্বিতা, সম্বন্ধ এই শরীরের, আত্মা এই সব শরীরের বন্ধন থেকে মুক্ত হয়।

ক্রমশঃ



# কনস্টেবল নিয়োগে জোর প্রস্তুতি,মক ইন্টারভিউয়ের উদ্যোগ ঝাড়গ্রাম জেলা পুলিশের



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

চাকরির সুযোগ করে দিতে রাজ্য জুড়ে বিভিন্ন স্তরে চলছে প্রস্তুতি ও প্রশিক্ষণ। লিখিত পরীক্ষার পর ফিজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ—এই কঠিন ধাপগুলি অতিক্রমে চাকরি প্রার্থীদের পাশে দাঁড়াচ্ছে প্রশাসন ও পুলিশ। সেই লক্ষ্যেই ঝাড়গ্রাম জেলায় একের পর এক উদ্যোগ নেওয়া হয়েছে ঝাড়গ্রাম জেলা পুলিশের পক্ষ থেকে।

রাজ্য পুলিশের কনস্টেবল পদে নিয়োগের পরীক্ষায় জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের বিনামূল্যের স্পেশাল কোচিং সেন্টার থেকে ২৮ জন যুবক-যুবতী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। এবার তাঁদের সামনে রয়েছে ফিজিক্যাল টেস্ট এবং ইন্টারভিউ।

ফিজিক্যাল টেস্টে উত্তীর্ণ হওয়ার জন্য কোন কোন বিষয়ে নজর দেওয়া হয়, কীভাবে সঠিক দৌড়ের কৌশলে সময় কমানো যায় এবং শারীরিক সক্ষমতা বাড়ানো সম্ভব—এই সব বিষয়ে প্রশিক্ষণ দিতে মানিকপাড়া বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়ের এনসিসি ডিপার্টমেন্টের সহযোগিতায় জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের উদ্যোগে আয়োজন করা হয় একটি ফিজিক্যাল ট্রেনিং ক্যাম্প।

শুক্রবার কলেজ চত্বরে আয়োজিত এই ক্যাম্পে ১৪ জন চাকরি প্রার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ দেন এনসিসি ডিপার্টমেন্টের প্রশিক্ষক আদিত্য প্রকাশ সিং। দৌড়, ফিজিক্যাল ফিটনেস ও টেস্টের প্রস্তুতি নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের উপ-অধিকর্তা অরুণাভ দত্ত বলেন,"কর্ম বিনিয়োগ কেন্দ্রের স্পেশাল কোচিংয়ে প্রশিক্ষণ নিয়ে চাকরি প্রার্থীরা রাজ্য পুলিশের কনস্টেবল পরীক্ষায় সফল হয়েছে। এবার ফিজিক্যাল টেস্টেও যাতে তারা উত্তীর্ণ হতে পারে, সেই উদ্দেশ্যেই এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।" এদিকে, ঝাড়গ্রাম জেলা পুলিশ বরাবরের মতোই চাকরি প্রার্থীদের পাশে থেকে মানবিক ও গঠনমূলক ভূমিকা পালন করছে। জেলা পুলিশের 'লক্ষ্যভেদ' কর্মসূচির মাধ্যমে রাজ্য পুলিশের কনস্টেবল পদপ্রার্থীদের জন্য মক ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ইতিমধ্যেই ঝাড়গ্রাম জেলা পুলিশ প্রাথমিক শিক্ষক নিয়োগের চাকরি প্রার্থীদের জন্যও মক ইন্টারভিউ নিয়ে প্রশংসা কুড়িয়েছে। জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের মক ইন্টারভিউয়ের জন্য আগামী ২ জানুয়ারি থেকে ৬ জানুয়ারি পর্যন্ত শুধুমাত্র ঝাড়গ্রাম জেলার প্রার্থীরাই আবেদন করতে পারবেন। বাস্তব ইন্টারভিউয়ের পরিবেশে অভ্যস্ত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছে জেলা পুলিশ।ঝাড়গ্রাম জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) সৈয়দ মহম্মদ মামদুল্লা হাসান বলেন, "ঝাড়গ্রাম জেলা পুলিশ বরাবরের মতোই সমস্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার্থীদের পাশে থাকে। রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগ প্রক্রিয়ায় যাতে পরীক্ষার্থীরা ফিজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ পর্বে কোনও অসুবিধার সম্মুখীন না হন, সেই উদ্দেশ্যে জেলা পুলিশের তরফে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহযোগিতার সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।" ঝাড়গ্রাম জেলা পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার সর্বস্তরের মানুষজন।

## ময়নাগুড়ি বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড



**সুকুমার বিশ্বাস, জলপাইগুড়ি**

ময়নাগুড়ি পুরাতন বাজারের ভয়াবহ অগ্নিকাণ্ডের কয়েকটি দোকান পুড়ে ছাই। শুক্রবার নতুন বছরের শুরুতেই ভয়াবহ অগ্নিকাণ্ড বাজারে। কনকনে ঠান্ডার ধোয়া কুয়াশার মাঝেই কি করে অগ্নিকাণ্ড ঘটনা ঘটলো অনুমান করা যায়নি। অনেকেই বলছেন ইলেকট্রিক শর্ট সার্কিট থেকেও হতে পারে।এদিন ভোররাতে ময়নাগুড়ি পুরান বাজারে এক অগ্নিকাণ্ডে প্রায় ছয় থেকে সাতটি দোকান পুড়ে ছাই।এই দোকানগুলোর মধ্যে ছিল, একটি মিষ্টির দোকান, ব্যাগের দোকান কাপড়ের দোকান, গালামাল, দশকর্মা দোকানসহ আরো অন্যান্য দোকান পুড়ে ছাই হয়। বেশিরভাগ দোকানদার দোকানের কোন মাল বের করতে পারেনি সব মাল পুড়ে গেছে বলে ব্যবসায়ীরা জানান। এক ব্যবসায়ী ছোট কর্মকার বলেন গতকাল পহেলা জানুয়ারি উপলক্ষে অনেকেই পিকনিক খেয়েছে, প্রচন্ড শীতে অনেকে আগুন জ্বালিয়ে আগুন চাপিয়েছে, এখন কিভাবে আগুন লাগল সেটা বলা মুশকিল। ঘটনা আসলে ছুটে আসে ধূপগুড়ি ময়নাগুড়ি জলপাইগুড়ি র প্রায় তিনটে থেকে চারটা ইঞ্জিন কাজ করছে আগুন নেভানোর। ব্যবসায়ীদের কথায় প্রায় এক কোটি টাকার বেশি ক্ষতি হয়েছে বলে তাদের অনুমান। এই নিয়ে ময়নাগুড়ি শহরের ব্যবসায়ী সমিতিরা চিন্তিত রয়েছে। আগুনে পুড়ে যাওয়া দোকান ব্যবসায়ীদের বড় ক্ষতি হলো।

# বাজেয়াপ্ত মন্ত্রী চন্দ্রনাথ সিনহার সম্পত্তি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বোলপুর: প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় এবার মন্ত্রী চন্দ্রনাথ সিনহা ও তাঁর পরিবারের বিরুদ্ধে আরও কঠোর পদক্ষেপ ইডির। তাঁর ৩ কোটি ৬০ লক্ষ টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। জানা গিয়েছে, তাঁর স্ত্রী, দুই ছেলের নামে



থাকা ফ্ল্যাট, বাড়ি, জমি-সহ মোট ১০টি সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।তাঁর বাড়িতে তল্লাশিও চালায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। টানা ১৪ ঘণ্টা তল্লাশি করা হয়। তাঁর বাড়ি থেকে নগদ ৪১ লক্ষ টাকা ইডি বাজেয়াপ্ত করে। একটি মোবাইলও বাজেয়াপ্ত করেন তদন্তকারীরা। তারপর তাঁকে বারবার তলবও করা হয়। ইতিমধ্যে আদালতে চন্দ্রনাথের

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# বারুইপুর থেকে বিধানসভা নির্বাচনের নতুন প্রচার কর্মসূচি শুরু করলেন অভিষেক

ভোটার তালিকায় নাম বাদ দেওয়া হয়েছে বলে অভিযোগ তৃণমূলের।বারুইপুরের সভায় বক্তব্য রাখার ফাঁকেই সেই র‍্যাম্প নিয়ে কৌতূহলের নিরসন করলেন অভিষেক। সঙ্গে দিলেন বড় চমকও। অভিষেকের কথায় তিন জন ভূতকে হাঁটাতেই এই র‍্যাম্প তৈরি করিয়েছেন তিনি।

বারুইপুরের সভা থেকেও এসআইআর নিয়ে সরব হন অভিষেক। নিজের বক্তব্যের মাঝেই দুই পুরুষ এবং এক মহিলাকে মঞ্চে হাজির করান তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। অভিষেক দাবি করেন, এসআইআর-এ এই তিন জন ব্যক্তিকেই মৃত হিসেবে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন। ফলে খসড়া ভোটার তালিকা থেকে মেটিয়াবুরুজের দু জন এবং কাকদ্বীপের বাসিন্দা একজনের নাম বাদ গিয়েছে।

তিন জনকে র‍্যাম্পে নিয়ে আসার আগে অভিষেক বলেন, 'এই র‍্যাম্প তৈরি করেছি তিন জন ভূতকে হাঁটাব বলে। কোনও দিন মৃত ব্যক্তিদের কোনও দিন মৃত ব্যক্তিদের র‍্যাম্পে হাঁটতে দেখেছেন? আপনারা এজের দেখতে পেলেও নির্বাচন কমিশন দেখতে পারছে না। বাংলার মানুষ যাতে ভোটাধিকার প্রয়োগ করতে না পারে তার জন্য এদের মৃত দেখিয়ে দিয়েছে। তৃণমূল যতদিন আছে কারও মৌলিক অধিকার কাড়তে দেব না।' অভিষেক দাবি করেন, শুধু দক্ষিণ চব্বিশ পরগণা জেলাতেই এই ধরনের ২৪ জন ভোটারের খোঁজ পাওয়া গিয়েছে যাঁরা জীবিত থাকলেও এসআইআর-এর খসড়া ভোটার তালিকায় মৃত বলে দেখানো হয়েছে।

# শাহ সাক্ষাতের পর দিলীপের গুরুত্ব কতটা বাড়ল বিজেপিতে?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




তিনি রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি। তাঁর নেতৃত্বেই কার্যত এ রাজ্যে বিজেপির উত্থান। কিন্তু, গত কয়েকমাসে নানা ঘটনায় দলের সঙ্গে দূরত্ব বেড়েছিল তাঁর। অবশেষে অমিত শাহর সঙ্গে বৈঠকের পর ফের স্বমহিমায় দিলীপ ঘোষ। বঙ্গ বিজেপিতে দিলীপের গুরুত্ব যে বাড়ছে, নতুন এক সিদ্ধান্তে তা ফের বুঝিয়ে দিলেন বঙ্গ বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য।যা আছে, তা বর্তমান।" দিলীপের সঙ্গে বৈঠকও করেছেন শমীক। এবার দিলীপের জন্য সল্টলেকে বিজেপি দফতরে ঘরের ব্যবস্থা করলেন রাজ্য বিজেপি সভাপতি। এতদিন সল্টলেকের দফতরে বিশেষ দেখা যায়নি দিলীপকে। শুক্রবারই দলের কর্মীদের নিয়ে এখানে বৈঠক করার কথা রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতির। জানুয়ারিতে রাজ্যজুড়ে বেশ কয়েকটি সভা করার কথা তাঁরা। সূত্রের খবর, ৬ থেকে ২০ জানুয়ারি বাংলার বিভিন্ন প্রান্তে ১৬টি সভা করতে পারেন দিলীপ।রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি দিলীপের জন্য সল্টলেকে বিজেপি দফতরে একটি ঘর বরাদ্দ করলেন বর্তমান রাজ্য সভাপতি। দিঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধনের দিনই সস্ত্রীক দিলীপ ঘোষের যাওয়া এবং সেখানে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক নিয়ে রাজ্য রাজনীতিতে শোরগোল পড়েছিল। দিলীপের ওই সিদ্ধান্তের বিরোধিতা করে একাধিক নেতা সরব হয়েছিলেন। তারপর থেকে বিজেপির বড় কোনও কর্মসূচিতে দেখা যায়নি রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতিকে। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বাংলা সফরে বুধবার ডাক পান দিলীপ।

শাহের সঙ্গে বৈঠকের পর ফের স্বমহিমায় দেখা যাচ্ছে দিলীপকে। দিলীপ ঘোষ বলছেন, অমিত শাহর নির্দেশে কাজে ঝাঁপিয়ে পড়েছেন তিনি। আর দিলীপের স্বমহিমায় ফেরা নিয়ে কী বলছেন শমীক? দিলীপের দলবদল নিয়ে যখন জল্পনা বেড়েছিল, তখন শমীক বলেছিলেন, "উনি কোথায়

এরপর ৬ পাতায়

# ১৬ জানুয়ারি মহাকাল মন্দিরের শিলান্যাস করবেন মমতা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিধানসভা ভোটের আগেই অসমাপ্ত কাজ সমাপ্ত করতে জোরকদমে ঝাঁপিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী ১৬ জানুয়ারি তিনি শিলিগুড়িতে মহাকাল মন্দিরের শিলান্যাস করবেন। আর মুখ্যমন্ত্রীর ওই কর্মসূচির প্রস্তুতি চলছে জোরকদমে। আজ শুক্রবার (২ জানুয়ারি) মন্দির নির্মাণস্থল প্রস্তুতির কাজ পরিদর্শন করেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। মন্দির তৈরির জন্য রাজ্যের মুখ্যসচিবের নেতৃত্বে জেলার পুলিশ, প্রশাসন, শিল্পোদ্যোগী, সমাজসেবী-সহ একাধিক ব্যক্তিদের নিয়ে একটি ট্রাস্ট তৈরি হবে। সেই ট্রাস্টই মন্দির নির্মাণের সমস্ত বিষয় তদারকি করবে। যদিও মহাকাল মন্দির নির্মাণের বিরোধিতায় সরব হয়েছেন শিলিগুড়ির প্রাক্তন বিধায়ক তথা সিপিএম জমানার পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য। তাঁর দাবি, 'যে জমিতে ওই মন্দির নির্মাণ হচ্ছে তা তথ্য-প্রযুক্তি পার্কের জন্য বরাদ্দ হয়েছিল। তথ্য-প্রযুক্তি পার্ক হলে বহু তরুণ কাজ পেত। মন্দির দিয়ে নয়, শিল্প দিয়েই উন্নয়ন হয়।' বাম জমানায় কেন ওই ২৫.১৫ একর জমিতে তথ্য-প্রযুক্তি পার্ক গড়ে তোলা গেল না, তার কোনও সদুত্তর অবশ্য দিতে পারেননি তিনি।রাজ্য সরকারের উদ্‌যোগে ইতিমধ্যেই দিঘায় গড়ে উঠেছে জগ্নাথ মন্দির। গত

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### নির্দেশ না মানলে বিএলও-দের বিরুদ্ধে কড়া পদক্ষেপ, জানিয়ে দিল কমিশন

কাদের ক্ষেত্রে বাড়িতে গিয়ে শুনানি হবে, তা নিয়ে স্পষ্ট নির্দেশ দিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। কিন্তু, কমিশনের সেই নির্দেশ মানা হচ্ছে না বলে অভিযোগ উঠছে। সেই অভিযোগ পেয়েই নড়েচড়ে বসল কমিশন। কড়া বার্তা দিয়ে জানিয়ে দিল, নির্দেশ না মানলে বিএলও এবং বিএলও সুপারভাইজারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।উপরে উল্লিখিতদের ক্ষেত্রে বাড়িতে গিয়ে কবে শুনানি হবে, তাও জানিয়ে দিল কমিশন। শুনানি পর্বের শেষ সপ্তাহে ৮৫ বছরের বেশি বয়স্ক, সন্তানসম্ভবা, গুরুতর অসুস্থ ও বিশেষভাবে সক্ষমদের বাড়িতে গিয়ে শুনানি হবে বলে কমিশন জানাল। এদিকে, শুনানির সময় যেসব নথি চাওয়া হচ্ছে, তার বাইরে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডকে যাতে নথি হিসেবে বিবেচনা করা হয়, তার জন্য কমিশনকে সুপারিশ করা হবে বলে সিইও দফতর জানিয়েছে। দার্জিলিং, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির চা বাগানগুলির শ্রমিকদের নাম যাতে কোনও নথির অভাবে এসআইআর তালিকা থেকে বাদ না যায়, তা নিয়েও পদক্ষেপ করল কমিশন। প্রায় ২০০ বছর ধরে বংশ পরম্পরায় অনেক শ্রমিক কাজ করেন। চা বাগানগুলিতে মজুরি ও পিএফ সংক্রান্ত বিভিন্ন তথ্য রয়েছে। টি প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট অনুযায়ী তথ্য যাচাইয়ের নির্দেশ দেওয়া হয়েছে।এদিকে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে, মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড যাতে শুনানির ক্ষেত্রে গ্রহণযোগ্য নথি হিসেবে বিবেচনা করা হয়, সেজন্য কমিশনের কাছে সুপারিশ করবে তারা। গত ২৭ ডিসেম্বর থেকে এসআইআর-র হিয়ারিং শুরু হয়েছে। শুনানিকেন্দ্রে বয়স্ক, অসুস্থদের আসা নিয়ে সরব হয় তৃণমূল। এরপরই নির্বাচন কমিশন জানিয়ে দেয়, অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি, সন্তানসম্ভবা এবং যাঁদের বয়স ৮৫ বছরের বেশি, তাঁদের শুনানিকেন্দ্রে আসতে হবে না। এবং বিশেষভাবে সক্ষমদেরও শুনানিকেন্দ্রের আসার প্রয়োজন নেই।

তাঁদের বাড়িতে গিয়ে হিয়ারিং হবে। তবে ৮৫ বছরের কম ভোটারদের হিয়ারিংয়ে আসতে হবে বলে কমিশন জানায়। কমিশনের এই নির্দেশ পরও অভিযোগ ওঠে, কমিশনের নির্দেশ মানা হচ্ছে না। অসুস্থ, বয়স্কদের শুনানিকেন্দ্রে আসতে বাধ্য করা হচ্ছে। আর এই অভিযোগ পেয়েই কমিশন জানিয়ে দিল, ৮৫ বছরের বেশি বয়স্ক ভোটার, সন্তানসম্ভবা এবং গুরুতর অসুস্থ কাউকে যদি শুনানিকেন্দ্রে আসতে বাধ্য করা হয়, তাহলে বিএলও এবং বিএলও সুপারভাইজারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

## তুমি লক্ষ্মী-সরস্বতী





**মৃত্যুঞ্জয় সরদার**

**(একাদশ পর্ব)**

আছে। লাট্যায়ণের শ্রৌতসূত্র মতে, সরস্বতী নামক নদী পশ্চিম মুখে প্রবাহিতা, তার প্রথম ও শেষভাগ সকলের প্রত্যক্ষ গোচর, মধ্যভাগ ভূমিতে নিমগ্ন যা কেউ দেখতে পায় না, তাকেই বিনশন বলা হয়। অমূল্যচরণ বিদ্যাভূষণের মতে, বৈদিক সরস্বতীর লুপ্তাবশেষ আজও কচ্ছ ও দ্বারকার কাছে সমুদ্রের খাড়িতে গিয়ে মিলিত হয়েছে।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## বাজেয়াপ্ত মন্ত্রী চন্দ্রনাথ সিনহার সম্পত্তি

বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এরপরেই আদালতে আত্মসমর্পণ করে আগাম জামিনের আবেদন জানান মন্ত্রী চন্দ্রনাথ সিনহা। সেই মতো পুজোর আগেও এই সংক্রান্ত মামলায় স্বস্তি পান তিনি। মন্ত্রীর আগাম জামিনের আবেদন মঞ্জুর করে আদালত। যদিও তদন্তে সবরকমভাবে তাঁকে সাহায্য করতে হবে বলে নির্দেশে জানায় আদালত। সেই মতো চন্দ্রনাথ সিনহাকে তলব করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। সেই মতো সল্টলেকে ইডির দপ্তরে হাজিরা দেন রাজ্যের কারামন্ত্রী।শুক্রবার বিচার ভবনের সিবিআই বিশেষ আদালতে নথিপত্র জমা দিয়ে সম্পত্তি বাজেয়াপ্ত করার কথা জানায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

ইডি সূত্রে জানা গিয়েছে, নিয়োগ দুর্নীতি মামলায় কুন্তল ঘোষের কাছে পাওয়া ডায়েরিতে একশো জনেরও বেশি নাম রয়েছে। তার মধ্যেই রয়েছে মন্ত্রী চন্দ্রনাথ সিনহার নাম। আদালতে চন্দ্রনাথের বিরুদ্ধে চার্জশিট জমা দেয় ইডি। কিন্তু রাজভবন থেকে চার্জশিটের অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় নথি না পাওয়ায় সমস্যা দেখা দিয়েছিল। অবশেষে রাজ্যপালের অনুমতিতে মেটে সমস্যা। আদালতে সেই সংক্রান্ত নথিও পেশ করে ইডি। তাতেই গৃহীত হয়েছে চার্জশিট।

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

“মহাপ্রত্যঙ্গিরা।। অক্ষোভ্যকুলের এই দেবীর রং নীল, মুখ একটি এবং হাত ছয়টি। তিনটি দক্ষিণ হস্তে ইনি খড়্গ অঙ্কুশ ও বরদ মুদ্রা প্রদর্শন করেন এবং তিনটি বাম হস্তে সপাশ তর্জনী রক্তপদ্ম ও ত্রিশূল ধারণ করিয়া থাকেন।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# চিবানো তামাক, জর্দা গন্ধযুক্ত তামাক এবং গুটখা তৈরির মেশিনের ওপর আরোপিত শুল্ক নিয়ে প্রতিনিয়ত জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

## (দ্বিতীয় পর্ব)

**নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬**

ক্ষমতা ৫০০ থলি এবং খুচরা বিক্রয় মূল্য ৪ টাকা হয়, তাহলে প্রতি মাসে প্রতি প্যাকিং মেশিনের শুল্কের হার ১.৫২ কোটি টাকা হবে (০.৮৩ কোটি টাকা বা ০.৩৮*খুচরো বিক্রয় মূল্য গ্রহণ করতে হবে)।

১৪. একজন করদাতা কি প্রথম ঘোষণাপত্র দাখিল করার এবং কেন্দ্রীয় আবগারি বিভাগের ডেপুটি কমিশনার বা কেন্দ্রীয় আবগারি বিভাগের সহকারী কমিশনার কর্তৃক বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ধারণের আদেশ জারির আগে একটি নতুন ঘোষণাপত্র দাখিল করতে পারেন?

উক্ত বিধির ৬ নম্বর ধারা অনুসারে, কেন্দ্রীয় আবগারি বিভাগের ডেপুটি কমিশনার বা কেন্দ্রীয় আবগারি বিভাগের সহকারী কমিশনার, পূর্ববর্তী ঘোষণাপত্রের বিষয়ে বিধি ৮ এর অধীনে একটি আদেশ জারি না করা পর্যন্ত একটি নতুন ঘোষণাপত্র দাখিল করা যাবে না।

১৫. আবগারি বিভাগ বার্ষিক উৎপাদন ক্ষমতা কীভাবে নির্ধারণ করবে?

কেন্দ্রীয় আবগারি বিভাগের ডেপুটি কমিশনার অথবা সহকারী কমিশনার, যথাসম্ভব, কারখানার সরেজমিন পরিদর্শন এবং মেশিনের প্রযুক্তিগত বৈশিষ্ট্য যাচাইয়ের পর বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ধারণ করবেন। উক্ত বিধির ৫ নম্বর নিয়ম অনুসারে, এক মাসে উৎপাদিত বলে বিবেচিত বিজ্ঞপ্তিকৃত পণ্যের পরিমাণকে ১২ (মাস) দিয়ে গুণ করে বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ধারণ করা হবে।

১৬. যদি বিভাগ কর্তৃক নির্ধারিত বার্ষিক ক্ষমতা কোনও প্রস্তুতকারকের নিজের ঘোষণার চেয়ে বেশি হয়, তাহলে কী হবে?

কেন্দ্রীয় আবগারির ক্ষেত্রের ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার, প্রস্তুতকারককে যথাসম্ভব শুনানির যুক্তিসঙ্গত সুযোগ দেওয়ার পর যাচাইয়ের ত্রিশ দিনের মধ্যে একটি আদেশ জারি করবেন। যন্ত্রটি স্থাপনের তারিখ থেকে অথবা উৎপাদনের সাথে সম্পর্কিত বিষয়গুলির পরিবর্তনের তারিখ থেকে, যথাসম্ভব প্রকৃত অর্থ প্রদানের তারিখ পর্যন্ত প্রযোজ্য সুদ সহ ডিফারেনশিয়াল আবগারি প্রদেয় হবে। চলতি নির্মাতাদের জন্য, প্রথম নির্ধারণের ক্ষেত্রে, ডিফারেনশিয়াল আবগারি এবং সুদ ১লা ফেব্রুয়ারী ২০২৬ থেকে পরিশোধ করতে হবে।

১৭. যদি প্রস্তুতকারক ডেপুটি কমিশনার বা কেন্দ্রীয় আবগারি বিভাগের সহকারী কমিশনারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান?

করদাতা আপিল করলেও আদেশের পরবর্তী সময়ের জন্য, সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সেন্ট্রাল এক্সাইজের সহকারী কমিশনারের সিদ্ধান্ত অনুসারে আবগারি পরিশোধ করতে হবে।

১৮. বিচার বিভাগীয় আধিকারিক দ্বারা প্রতি মাসেই কি মূল্যায়ণ নির্ধারণ করতে হবে?

না। বার্ষিক উৎপাদন ক্ষমতাকে প্রভাবিত করে এমন উৎপাদনের প্রাসঙ্গিক কারণগুলির পরিবর্তন হলেই কেবল নতুন নির্ধারণ করা হবে, যেমন প্যাকিং মেশিনের সংখ্যা এবং মেশিনের উৎপাদনের সর্বোচ্চ নির্ধারিত ক্ষমতা।

১৯. যদি ১লা ফেব্রুয়ারী ২০২৬ এর পরে নিবন্ধিত কোন প্রস্তুতকারক মেশিন বসান এবং মাসের ১০ তারিখে উৎপাদন শুরু হয়, তাহলে কি পুরো মাসের জন্য আবগারি শুল্ক প্রদেয় হবে?

হ্যাঁ। উক্ত নিয়ম ১৩(৩) অনুসারে, প্রস্তুতকারক মেশিনগুলি যে মাসে বসাচ্ছেন সেই পুরো মাসের জন্য সম্পূর্ণ আবগারি শুল্ক পরিশোধ করতে হবে।

২০. আবগারি গণনার উদ্দেশ্যে মেশিনের সংখ্যা কীভাবে নির্ধারণ করা হবে?

এক মাসের মধ্যে বসানো মেশিনের সংখ্যাকে মাসের যেকোনো দিনে সর্বোচ্চ স্থাপিত মেশিনের সংখ্যা হিসেবে ধরা হবে।

২১. মাসিক ফর্ম এবং রিটার্নগুলি কী কী দাখিল করতে হবে?

প্রস্তুতকারককে একই মাসের ১০ তারিখ বা তার আগে ফর্ম সিই এসটিআর-১এ একটি মাসিক ফর্ম জমা দিতে হবে। এটি মাসিক রিটার্নের বাইরে কেন্দ্রীয় আবগারি বিধিমালার ১২ নং নিয়ম অনুসারে দাখিল হিসেবে গণ্য হবে।

২২. মূল্যমান হ্রাস কীভাবে গণনা করা হবে?

মূল্যমান হ্রাসের গণনার সূত্র ব্যবহার করে আনুপাতিক হারের ভিত্তিতে গণনা করা হয়:

মূল্যমান হ্রাস = (মাসিক আবগারি দায় × অকার্যকর দিনের সংখ্যা) ÷ মাসে মোট দিনের সংখ্যা।

২৩. ধরুন, ১৫ই ফেব্রুয়ারি থেকে ৫ই মার্চ পর্যন্ত মেশিনটি কাজ করছে না, তাহলে কত পরিমাণ মূল্যমান হ্রাস দাবি করা যেতে পারে?

একটানা পনেরো দিন ধরে কাজ না করলে হ্রাস দাবি করা যেতে পারে এবং এই সময়কাল একই ক্যালেন্ডার মাসের মধ্যে পড়ে কিনা তার উপর নির্ভর করে না।

২৪. মূল্যমান হ্রাস দাবি করার

**ক্রমশঃ**

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নির্ভীক সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে
কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# গঙ্গাসাগর মেলায় বাড়তি ৩৩ জোড়া ট্রেন,

স্টাফ রিপোর্টার, রোজদিন

আগামী সপ্তাহ থেকে শুরু হচ্ছে রাজ্যের অন্যতম মিলনোৎসব গঙ্গাসাগর মেলা। ধর্মীয় উৎসবকে ঘিরে গোটা দেশের সাধু-সন্ন্যাসীরা একত্রিত হন। বিপুল ভিড়, পুজো দেওয়া, হরেক সামগ্রী বিকিকিনিতে বাংলার অর্থনীতি চাঙ্গা হয়ে ওঠে। প্রতি বছর গঙ্গাসাগর মেলা উপলক্ষে বাড়তি পরিবহণের ব্যবস্থা থাকে।গঙ্গাসাগর মেলার নিরাপত্তায় রেল সুরক্ষা বাহিনী মোতায়েন করা হচ্ছে। মেলার রুটে ৩৪০ জন আরপিএফ ও ৫৪ জন অফিসার থাকবেন নজরদারির জন্য। হাই-রেজোলিউশন সিসিটিভি ক্যামেরায় ২৪ ঘণ্টা নজর রাখার কাজ চলবে। রাতের ট্রেনে



সুরক্ষার জন্য ডগ স্কোয়াডকে কাজে লাগানো হবে। এছাড়া পর্যাপ্ত মেডিক্যাল ক্যাম্প থাকছে গঙ্গাসাগর মেলায়।তবে এবছর রেলের তরফে একাধিক সুবিধার কথা ঘোষণা করা হলো। শুক্রবার শিয়ালদহের ডিআরএম রাজীব সাক্সেনা এলাকা পরিদর্শন করেন বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছেন। ইএমইউ ও মেলা স্পেশাল ট্রেন মিলিয়ে ৩৩ জোড়া ট্রেন চালানো হবে গঙ্গাসাগর মেলা উপলক্ষে। এছাড়া সুরক্ষার জন্য নতুন করে আরও কয়েকদফা ব্যবস্থা নেওয়া হচ্ছে।

কুম্ভমেলার ভিড় থেকে শিক্ষা নিয়ে মেলার (Gangasagar Mela) জনজোয়ার সামলাতে এবার বিশেষ সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করেছে শিয়ালদহ রেল ডিভিশন। আগামী ৯ তারিখ থেকে শুরু হওয়া গঙ্গাসাগর মেলাকে ঘিরে একসপ্তাহ আগে থেকে সেই প্রস্তুতি শুরু হয়ে গেল। শিয়ালদহের ডিআরএম রাজীব সাক্সেনা শুক্রবার এলাকা পরিদর্শন করেছেন। তিনি জানিয়েছেন, শিয়ালদহ থেকে নামখানা, কাকদ্বীপ, লক্ষ্মীকান্তপুর পর্যন্ত মোট ১০টি ইএমইউ এবং ২৩ জোড়া 'মেলা স্পেশাল ট্রেন' চালানো হবে। এই ট্রেনগুলি মোট ৭ দিন ধরে চলবে যাত্রীদের সুবিধায়। গত বছর গঙ্গাসাগর মেলায় মোট ৬ দিন বাড়তি ট্রেন চালানো হয়েছিল। কিন্তু এবছর পুণ্যার্থীদের কথা ভেবে এবছর ৭ দিনই চলবে অতিরিক্ত বিশেষ ট্রেন।

মেলাগামী ট্রেন ধরতে যাতে হুড়োহুড়ি না পড়ে, তার জন্য শিয়ালদহ থেকে দুটি স্টেশনও নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। পূর্ব রেল সূত্রে খবর, শিয়ালদহের ১৫ ও ১৬ নং প্ল্যাটফর্ম থেকে ছাড়বে ওই বিশেষ ট্রেনগুলি। প্রতি ট্রেনে ২ হাজার থেকে আড়াই হাজার যাত্রী যাতায়াত করতে পারবেন। এর জন্য শিয়ালদহে আলাদা করে 'এন্ট্রি' ও 'এক্সিট' পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। শিয়ালদহ মেট্রো স্টেশন লাগোয়া ফাঁকা এলাকা দিয়ে ঢুকতে পারবেন গঙ্গাসাগরমুখী যাত্রীরা। আর ওদিক থেকে শিয়ালদহে নামার পর দক্ষিণের গেট দিয়ে বেরতে পারবেন। টিকিটের জন্য দীর্ঘ লাইনে না দাঁড়িয়ে UTS পদ্ধতি টিকিট কাটার কথা জানিয়েছে রেল। এই পরিষেবা আরও মসৃণ করা হচ্ছে।

(২ পাতার পর)

## শাহ সাক্ষাতের পর দিলীপের গুরুত্ব কতটা বাড়ল বিজেপিতে?

গিয়েছেন যে ফিরে আসবেন।দিলীপ ঘোষ বিজেপিতে ছিলেন, আছেন এবং থাকবেন।দিলীপ ঘোষকে নিয়ে যা সিদ্ধান্ত নেওয়ার দল নেবে।

দিলীপ ঘোষকে যেখানে কাজে লাগানোর কথা, সেখানে তিনি যাবেন। দিলীপ ঘোষ কোনও সেলেবেল কমোডিটি নয়।" আর এখন দিলীপের সেই পুরনো চেনা মেজাজে ফেরা নিয়ে শমীক বলছেন, "পাহাড় থেকে সাগরের মানুষ দিলীপ ঘোষকে স্বমহিমায় বা তাঁর চেনা মেজাজে দেখতে পাবে।" জগন্নাথ মন্দিরে যাওয়া বিতর্ক অতীত বলে মন্তব্য করে শমীক বলেন, "ক্লোজড চ্যাপ্টার। এগুলো অতীত। অতীত নিয়ে আমাদের কোনও বক্তব্য নেই।

(৩ পাতার পর)

## ১৬ জানুয়ারি মহাকাল মন্দিরের শিলান্যাস করবেন মমতা

আট মাসে এক কোটির বেশি দর্শনার্থী ওই মন্দির পরিদর্শন করেছেন বা পুজো দিয়েছেন। দিঘার জগন্নাথ মন্দির ঘিরে ভক্ত তথা সাধারণ মানুষের আবেগ দেখেই উত্তরবঙ্গ সফরে গিয়ে শিলিগুড়িতে মহাকাল মন্দির গড়ার ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উজানু মৌজায় পরিত্যক্ত থাকা জমিতেই ওই মন্দির গড়া হবে বলে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। গত সোমবার রাজারহাট নিউটাউনে দুর্গা অঙ্গনের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে গিয়ে মহাকাল মন্দিরের শিলান্যাসের কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী। তিনি জানিয়েছিলেন, জানুয়ারির দ্বিতীয় সপ্তাহেই ওই মন্দিরের শিলান্যাস করবেন। যদিও তখন নির্দিষ্ট করে তারিখ জানাননি।

তবে মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদকে (এসজেডিএ) জানানো হয় আগামী ১৬ জানুয়ারি মহাকাল মন্দিরের শিলান্যাস করবেন মমতা বন্দ্যোপাধ্যায়। ওই বার্তা পেয়েই মন্দির নির্মাণস্থল প্রস্তুতের কাজে ঝাঁপিয়ে পড়ে এসজেডিএ ও শিলিগুড়ি পুরসভা। এদিন মন্দিরের জন্য বরাদ্দ জায়গা পরিদর্শন করেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, 'মহাকাল মন্দির নির্মাণের সঙ্গে জড়িত সংশ্লিষ্টদের নিয়ে বিশেষ বৈঠক হবে। মন্দিরের জন্য জমির সংস্কার-সহ বিভিন্ন কাজ হচ্ছে। সেই কারণেই পরিদর্শনে এলাম। বিভিন্ন দফতরের আধিকারিকেরা রয়েছেন। হিডকোর লোকজন আছেন।'

# সিনেমার খবর

## শব্দের কারসাজিতে ভাগ্য বদলে যায়: অক্ষয়

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডের 'খিলাড়ি' খ্যাত অভিনেতা অক্ষয় কুমার দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে আবার ছোটপর্দায় ফিরছেন। তবে এবার কোনো সাধারণ শো নয়, বিশ্বখ্যাত গেম শো 'হুইল অব ফরচুন'-এর ভারতীয় সংস্করণ নিয়ে হাজির হচ্ছেন তিনি। মার্কিন যুক্তরাষ্ট্রের এক নম্বর এ রিয়েলিটি শোটি এবার ভারতীয় দর্শকদের মাতিয়ে তুলতে প্রস্তুত।

ইতোমধ্যে অনুষ্ঠানটির একটি চমকপ্রদ প্রোমো সামাজিক মাধ্যমে প্রকাশ্যে এসেছে। সেখানে দেখা গেছে, অক্ষয়কে তার জনপ্রিয় 'তিস মার খান' লুকে। কীভাবে শব্দের কারসাজিতে ভাগ্য বদলে যায়, তাই এ রিয়েলিটি শোর মূল আকর্ষণ। এক ধনকুবের তার উইলে ছেলের নাম 'রাম' লিখতে গিয়ে ভৃত্য রামুর কৌশলে তা 'রামু' হয়ে যায়, আর নিমিষেই পাল্টে যায় সম্পত্তির মালিকানা—এমন সব আকর্ষণীয় মজার মজার খেলা দেখা যাবে।

অক্ষয় বলেন, 'একটি মাত্র অক্ষর পুরো জীবন বদলে দিতে পারে। শব্দের এই জাদু নিয়েই এবার ঘুরবে ভাগ্যের চাকা।'

দর্শকদের কোটি টাকার পুরস্কার জেতারও সুযোগ রয়েছে এ অনুষ্ঠানে। প্রতিটি অক্ষরের গুরুত্ব ও ভাগ্যের চাকার ঘূর্ণনই হবে এই শোর মূল আকর্ষণ। অক্ষয়ের রাজকীয় সফর সিনেমার পাশাপাশি টেলিভিশনেও তার ক্যারিয়ার বেশ সমৃদ্ধ।

এর আগে ২০০৪ সালে 'সেভেন ডেডলি আর্টস' দিয়ে ছোটপর্দায় যাত্রা শুরু করেছিলেন অভিনেতা। 'হুইল অব ফরচুন' সারাবিশ্বের প্রায় ৬০ দেশে অত্যন্ত জনপ্রিয়। এখন পর্যন্ত এটি আটটি এমি অ্যাওয়ার্ড জয় করেছে। বিদেশের মাটিতে তুমুল সাফল্যের পর এবার ভারতে।

এরপর 'খতরো কে খিলাড়ি'র একাধিক সিজনে স্টান্ট ও সাহসিকতার পরিচয় দিয়েছেন। ২০১০ সালে 'মাস্টার শেফ ইন্ডিয়া' এবং পরে 'ডেয়ার টু ডান্স' ও 'দ্য গ্রেট ইন্ডিয়ান লাফটার চ্যালেঞ্জ'-এর বিচারক হিসেবেও অক্ষয় কুমারকে দেখা গেছে।

## হেমার জন্য ভীষণ খারাপ লাগছে: মমতাজ

স্টাফ রিপোর্টার, রোজদিন



একসময় বলিউডে অভিনেতা ধর্মেন্দ্র ও অভিনেত্রী মমতাজ জুটি একের পর এক হিট সিনেমা উপহার দিয়েছেন। ধর্মেন্দ্রের অসুস্থতার খবর পেয়ে হাসপাতালে ছুটে গিয়েছিলেন অভিনেত্রী। শেষবার চোখের দেখা দেখে নেন তিনি। এর কয়েক দিন পরেই অভিনেতার মৃত্যু হয়।

সম্প্রতি কিংবদন্তি বর্ষীয়ান অভিনেতা ধর্মেন্দ্রের মৃত্যুতে হেমা মালিনীর প্রতি দুঃখ প্রকাশ করেছিলেন অভিনেত্রী মমতাজ। ২০২১ সালে ধর্মেন্দ্রের সঙ্গে তার বাড়িতে শেষ বার দেখা হয়েছিল অভিনেত্রীর। মমতাজের এখনো মনে রয়েছে সেই সাক্ষাতের কথা।

তিনি বলেন, কী সুন্দর ছিল সেই দিনটি। সেই সময়ে তার প্রথম স্ত্রীর সঙ্গে দেখা হয়। তিনি বলেন, খুব ভালো ব্যবহার করেছিলেন তিনি। আমাদের নাস্তা দেন। যখন হাসপাতালে অভিনেতা ভর্তি ছিলেন, তখনও কী সুন্দর লাগছিল। ভেবেছিলাম সুস্থ হয়ে যাবে।

মমতাজ বলেন, 'হেমার জন্য ভীষণ খারাপ লাগছে। কারণ এই একটিমাত্র পুরুষকেই সারাজীবন ভালোবেসেছে হেমা। তার জীবনে যে শূন্যতা তৈরি হলো, সেটি ভাষায় বোঝানো যাবে না।

## জেমস ক্যামেরনের বিশ্ববিখ্যাত 'অ্যাভাটার' সিনেমায় গোবিন্দ



স্টাফ রিপোর্টার, রোজদিন

হলিউড নির্মাতা জেমস ক্যামেরনের বিশ্ববিখ্যাত 'অ্যাভাটার' ফ্র্যাঞ্চাইজি নিয়ে বরাবরই দর্শকদের মধ্যে উন্মাদনা তুঙ্গে। তবে সম্প্রতি 'অ্যাভাটার: ফায়ার অ্যান্ড অ্যাশ' ঘিরে সামাজিক মাধ্যমে একটি ভিডিও ভাইরাল হয়েছে, যা দেখে অবাক হয়েছেন সিনেমাপ্রেমীরা। সেই ভিডিওতে দেখা গেছে, নীল রঙে ঢাকা শরীরে লম্বা চুল নিয়ে ক্যামেরার সামনে দাঁড়িয়ে আছেন বলিউডের জনপ্রিয় অভিনেতা গোবিন্দ।

এরপরই সামাজিক মাধ্যমে নেটিজেনদের মনে প্রশ্ন— তবে কি সত্যিই হলিউডের এই মেগাপ্রজেক্টে অভিনয় করছেন 'হিরো নম্বর ওয়ান'? ভাইরাল হওয়া ভিডিওটি দেখে সাধারণ ভক্তদের মনে বিভ্রান্তি তৈরি হলেও অনুসন্ধানে জানা গেছে এর আসল খবর।

এর আগে ২০১৯ সালে এক সাক্ষাৎকারে গোবিন্দ দাবি করে বলেছিলেন, ২০০৯ সালে মুক্তিপ্রাপ্ত প্রথম 'অ্যাভাটার' সিনেমায় অভিনয়ের প্রস্তাব তিনি পেয়েছিলেন। জেমস ক্যামেরন নিজেই তাকে সেই সিনেমার নাম প্রস্তাব করেছিলেন। তিনি বলেন, তবে দীর্ঘ সময় মেকআপ নিয়ে থাকার কারণে এবং সময়ের অভাবে তিনি সেই প্রস্তাবটি ফিরিয়ে দিয়েছিলেন।

গোবিন্দর সেই পুরোনো দাবি কেন্দ্র করেই কোনো এক নেটিজেন এআই প্রযুক্তি ব্যবহার করে তাকে 'অ্যাভাটার' লুকে সাজিয়েছেন, যা এখন বিনোদনপাড়ায় আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

ভিডিওটি মূলত কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি করা হয়েছে। বাস্তবের সঙ্গে এর কোনো সম্পর্ক নেই এবং জেমস ক্যামেরনের আসন্ন সিনেমায় গোবিন্দর অভিনয়ের খবরটিও শুধুই গুজব। তবে হঠাৎ করে কেন হলিউড সিনেমার সঙ্গে গোবিন্দর নাম জড়িয়ে এমন ভিডিও তৈরি হলো, সেটিই মজার বিষয়।

# বিশ্বকাপের জন্য দল ঘোষণা ইংল্যান্ডের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

২০২৬ সালের ১৫ জানুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি নামিবিয়া ও জিম্বাবুয়ের মাঠে বসবে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ১৬তম আসর। আসরকে সামনে রেখে বিশ্বকাপের জন্য দল ঘোষণা করেছে ইংল্যান্ড।

সমারসেটের উইকেটরক্ষক ব্যাটার থমাস রিউকে অধিনায়ক করে দল ঘোষণা করা হয়েছে। সম্প্রতি ইংল্যান্ড লায়ন্সের হয়ে অস্ট্রেলিয়া সফরে অংশ নেওয়া রিউয়ের অনুপস্থিতিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সাত ম্যাচের যুব ওয়ানডে সিরিজে অনূর্ধ্ব-১৯ দলকে নেতৃত্ব দিয়েছিলেন ফারহান আহমেদ।

আসন্ন বিশ্বকাপে তিনি সহ-অধিনায়কের দায়িত্ব পালন করবেন। বিশ্বকাপর জন্য ঘোষিত দলে প্রথমবারের মতো ডাক পেয়েছেন বাঁহাতি স্পিনার আলি ফারুক। যুব দলের কোচ




মাইকেল ইয়ার্ডি মনে করেন, টুর্নামেন্টের আগে ইংল্যান্ড একটি ভারসাম্যপূর্ণ দল নিয়ে এগোচ্ছে।

তিনি বলেন, আমরা যে খেলোয়াড়দের নির্বাচন করেছি, তাদের জন্য এটি একটি দারুণ সুযোগ। বিশ্বকাপের মঞ্চে শুধু ইংল্যান্ডের জার্সি গায়ে তোলাই নয়; বরং বিশেষ কিছু করে দেখানোরও সুযোগ। আমাদের দলে অভিজ্ঞতার ভালো সমন্বয় রয়েছে। বেশ কয়েকজন খেলোয়াড়ের কাউন্টি ক্রিকেটের অভিজ্ঞতা আছে এবং অনূর্ধ্ব-১৯ দলে একসঙ্গে খেলার মধ্য দিয়ে তাদের মধ্যে যে বোঝাপড়া তৈরি হয়েছে, তা টুর্নামেন্টে তাদের অনেক সাহায্য করবে।'

ইয়ার্ডি আরও বলেন, আমি চাই খেলোয়াড়রা বিশ্বকাপে খেলার এ সুযোগটি উপভোগ করুক জিম্বাবুয়ের মতো সুন্দর একটি দেশে। পাশাপাশি বিভিন্ন দেশের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগকে কাজে লাগিয়ে নিজেদের সামর্থ্য প্রমাণ করুক।'

১৬ দলের বিশ্বকাপে ইংল্যান্ড অনূর্ধ্ব-১৯ দল গ্রুপ 'সি'-তে খেলবে। ১৬ জানুয়ারি হারারেতে পাকিস্তানের বিপক্ষে প্রথম ম্যাচে মাঠে নামবে তারা। এরপর স্বাগতিক জিম্বাবুয়ে ও স্কটল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে ইংল্যান্ড। গ্রুপ পর্ব থেকে তিনটি দল পরবর্তী রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করবে।

ইংল্যান্ড বিশ্বকাপ দল:

থমাস রিউ (অধিনায়ক), ফারহান আহমেদ, রালফি আলবার্ট, বেন ডকিন্স, ক্যালেব ফ্যালকনার, আলি ফারুক, অ্যালেক্স ফ্রেঞ্চ, অ্যালেক্স গ্রিন, লুক হ্যান্ডস, ম্যানি লামসডেন, বেন মেইজ, জেমস মিন্টো, আইজ্যাক মোহাম্মদ, জো মুরস, সেবাস্টিয়ান মরগান।

## অনির্দিষ্টকালের জন্য ছিটকে গেলেন ইসাক



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বড়দিনের আনন্দ উবে যেতে বসেছে আলেকসান্দার ইসাক ও তার দল লিভারপুলের। সবশেষ ম্যাচে টটেনহ্যাম হটস্পারের বিপক্ষে পায়ে চোট পাওয়া এই ফরোয়ার্ডের অস্ত্রোপচার করা হয়েছে। তাতে অনির্দিষ্টকালের জন্য ছিটকে গেছেন তিনি।

প্রিমিয়ার লিগে গত শনিবার লিভারপুলের ২-১ ব্যবধানে জয়ের ম্যাচে বদলি নামার ১১ মিনিটের মাথায় গোল করে দলকে এগিয়ে নেন ইসাক। তবে গোলের জন্য শট নেওয়ার সময়ই মিকি ফন ডে ফেনের চ্যালেঞ্জে আঘাত পান ইসাক। কোনো উদযাপনও করতে পারেননি তিনি। চিকিৎসা নেওয়ার পর দুই জনের কাঁধে ভর দিয়ে মাঠ ছাড়েন সুইডিশ স্ট্রাইকার।

ইসাকের চোট নিয়ে ওইদিনই কোচ আর্না স্লটের কণ্ঠে ছিল শঙ্কা। সেটাই সত্যি হয়েছে। লিভারপুলের পক্ষ থেকে ২৬ বছর বয়সী ফরোয়ার্ডের অস্ত্রোপচার হওয়ার বিষয়ে জানানো হয়েছে। ক্লাবটি এক বিবৃতিতে জানায়- রোগ নির্ণয়ের পর ইসাকের অ্যাঙ্কেলে অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে, তার চিড় ধরা ফিবুলারও অস্ত্রোপচার হয়েছে। এএক্সএ ট্রেনিং সেন্টারে ইসাকের পুনর্বাসন চলবে, তার মাঠে ফেরার সম্ভাব্য কোনো সময় নির্ধারণ করা হয়নি।

নিউক্যাসল ইউনাইটেডের সঙ্গে সম্পর্কের টানাপোড়েন এবং অনেক নাটকীয়তার পর, গ্রীষ্মের দলবদলের একেবারে শেষ সময়ে ১৭ কোটি ডলারের ব্রিটিশ ট্রান্সফার ফির রেকর্ড গড়ে লিভারপুলের যোগ দেন ইসাক। কিন্তু নতুন ঠিকানায় প্রত্যাশার প্রতিদান এখনও তিনি দিতে পারেননি। প্রিমিয়ার লিগে ১০ ম্যাচ খেলে দুটিসহ লিভারপুলের জার্সিতে এখন পর্যন্ত করতে পেরেছেন তিনটি গোল। এবার তো ছিটকেই পড়লেন মাঠের বাইরে।

লিগে পরের ম্যাচে আগামী শনিবার ঘরের মাঠে উলভারহ্যাম্পটন ওয়ানডারার্সের বিপক্ষে খেলবে লিভারপুল। ইসাকের চোট কেবল লিভারপুলের জন্যই দুর্ভাবনার নয়, তার জাতীয় দল সুইডেনের জন্যও দুশ্চিন্তার। আগামী মার্চে বিশ্বকাপ বাছাইপর্বের প্লে-অফে খেলবে সুইডেন। সেখানে সেমি-ফাইনালে তাদের প্রতিপক্ষ ইউক্রেইন। এই ম্যাচে ইসাকের খেলার সম্ভাবনা এখন অনেকটাই ক্ষীণ।

## মেসির রেকর্ড ভাঙলেন ইয়ামাল

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লামিনে ইয়ামালকে ঘিরে তুলনার শেষ নেই। কেউ তার মধ্যে লিওনেল মেসির ছায়া খুঁজে পান, কেউ আবার ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমারের যোগ্য উত্তরসূরি হিসেবে দেখেন বার্সেলোনার এই স্প্যানিশ উইঙ্গারকে। আবার অনেকেই এখনই তাকে কারও সঙ্গে তুলনা করতে রাজি নন।

তবে মাত্র ১৮ বছর বয়সেই ফুটবলীয় দক্ষতার একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ইয়ামাল ছাড়িয়ে গেছেন সর্বকালের অন্যতম সেরা লিওনেল মেসিকেও। এক বর্ষপঞ্জিকায় সফল ড্রিবলিংয়ের হিসাবে ইউরোপের শীর্ষ পাঁচ লিগে তার সামনে আছেন শুধু নেইমার।

ইউরোপের শীর্ষ পাঁচ লিগে এক বর্ষপঞ্জিকায় সর্বোচ্চ সফল ড্রিবলিংয়ের রেকর্ড নেইমারের। ২০১৭ সালে বার্সেলোনা ও পিএসজির হয়ে খেলে তিনি সফল ড্রিবলিং করেন ৩৩৫ বার। এই তালিকায় দ্বিতীয় স্থানে উঠে এসেছেন ইয়ামাল। ২০২৫ সালে বার্সেলোনার ১০ নম্বর জার্সিধারী এই উইঙ্গার সফল ড্রিবলিং করেছেন ৩০৭ বার। উল্লেখযোগ্য বিষয় হলো, সর্বোচ্চ ড্রিবলিংয়ের শীর্ষ দশ তালিকায় পাঁচবারই আছেন লিওনেল মেসি।



চোট ও মাঠের বাইরের কিছু বিতর্কে জড়িয়ে চলতি বছর হঠাৎ ছন্দ হারিয়েছিলেন ইয়ামাল। তবে ঘুরে দাঁড়াতে সময় নেননি তিনি। এল ক্লাসিকোতে বার্সেলোনার ২-১ গোলে হেরে যাওয়া ম্যাচে নিষ্প্রভ থাকলেও এরপরই নিজের চেনা রুদ্ররূপে ফিরে আসেন এই তরুণ।

পরের ম্যাচগুলোতে নিয়মিত গোল ও অ্যাসিস্ট করে দলের জয়ে বড় ভূমিকা রাখছেন ইয়ামাল। এমনকি গোল বা অ্যাসিস্ট না করেও মাঠে তাঁর ড্রিবলিং, গতি ও সৃজনশীলতায় প্রতিপক্ষ রক্ষণে আতঙ্ক ছড়াচ্ছেন বারবার।

চলতি মৌসুমে বার্সেলোনার হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে ২০ ম্যাচে ৯ গোল করার পাশাপাশি ১০টি গোলে সহায়তা করেছেন ইয়ামাল। লা লিগায় এখন পর্যন্ত সর্বোচ্চ অ্যাসিস্ট তারই। সতীর্থদের দিয়ে সাতটি গোল করিয়ে কাতালান ক্লাবটির আক্রমণের অন্যতম প্রধান ভরসা হয়ে উঠেছেন এই তরুণ তারকা।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR